মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়িত

ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১০৪০ টি ফ্ল্যাট বিশিষ্ট স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প
সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প
ঢাকার মিরপুরস্থ ১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প

# শুভ উদ্বোধন







জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়িত

ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১০৪০ টি ফ্ল্যাট বিশিষ্ট স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প
সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প
ঢাকার মিরপুরস্থ ১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প


# শুভ উদ্বোধন







জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়



আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে এ হচ্ছে আমার স্বপ্ন

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



‘জাতির পিতার এই দেশে কেউ গৃহহীন থাকবে না’

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# ভূমিকা

ব্রিটিশ শাসন পরবর্তী দেশ বিভাগের ফলে মোহাজেরগণ অপরিকল্পিতভাবে বাংলাদেশের চারটি প্রধান শহরে বসবাস শুরু করতে থাকেন। পরবর্তীতে তাদের জন্য পরিকল্পিত আবাসন সৃষ্টি করার লক্ষ্যে ১৯৫৮ সালে পূর্ত, বিদ্যুৎ ও সেচ মন্ত্রণালয়ের অধীন "গৃহায়ন উইং" গঠন করা হয়। ১৯৭১ সাল পরবর্তী যুদ্ধবিধ্বস্ত দেশে নবসৃষ্ট সংবিধানে বাসস্থানকে মানুষের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। জাতির জনক বঙ্গবন্ধুর উদ্যোগে পরিকল্পিত আবাসন সৃষ্টির লক্ষ্যে 'গৃহায়ন উইং'- ১৯৭২ সালে 'গৃহসংস্থান অধিদপ্তর' হিসেবে প্রতিষ্ঠিত হয়। বঙ্গবন্ধু সরকারের উদ্যোগে গৃহসংস্থান অধিদপ্তরের মাধ্যমে নদীভাঙ্গা মানুষকে রাজশাহী, খুলনার বয়রাসহ ঢাকার মিরপুরের ভাষানটেক ও বাউনিয়া এবং গাজীপুরের টঙ্গীর দত্তপাড়ায় পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করা হয়। জাতির পিতার কুটনৈতিক তৎপরতায় একাধিক দাতা ও উন্নয়ন সংস্থা (UNDP, World Bank etc) এ সকল অবকাঠামো প্রকল্পের অংশীদার হয়। **বর্তমান সরকারের বিগত মেয়াদে ২০০১ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "গৃহসংস্থান অধিদপ্তর" কে রূপান্তর করে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করেন।**

সুপরিকল্পিত নগরায়ন নিশ্চিতকল্পে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ঢাকাসহ সারাদেশের ৩৮টি জেলায় এবং ০৮টি উপজেলায় ৬৬টি হাউজিং এস্টেট প্রতিষ্ঠা করেছে। উক্ত ৬৬টি হাউজিং এস্টেটে অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ ৭৮৭০.২৭ একর। এসব হাউজিং এস্টেটে ১৮টি ফ্ল্যাট প্রকল্পে ৫৬৫৪টি ফ্ল্যাট এবং ৪১টি প্লট প্রকল্পে ২১৫৫৪টি প্লট তৈরীর কাজ সম্পন্ন করা হয়েছে এবং এ সকল প্রকল্পে ফ্ল্যাট ও প্লটের বরাদ্দগ্রহীতারা বসবাস করছেন। এছাড়া বর্তমানে ১১টি ফ্ল্যাট প্রকল্পে ৪৬৬৫টি ফ্ল্যাট এবং ১৪টি প্লট প্রকল্পে ২০৫১টি প্লট তৈরীর কাজ চলমান রয়েছে। দ্রুত এ সকল প্লট উন্নয়ন এবং ফ্ল্যাট নির্মাণ কাজ শেষ করে বরাদ্দগ্রহীতাদের হস্তান্তর করা হবে। পরিকল্পিত আবাসন নিশ্চিতের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে ২৪টি প্রকল্প গ্রহণের পরিকল্পনা রয়েছে। ১২টি ফ্ল্যাট প্রকল্পতে-১৪৯০৫ টি আবাসিক ফ্ল্যাট এবং ৮ টি প্লট প্রকল্পতে-১৪০১টি আবাসিক প্লট তৈরীর পরিকল্পনা রয়েছে। এছাড়া, আরো ০৪টি অন্যান্য প্রকল্প (শিশুপার্ক নির্মাণ, অবকাঠামো উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প, প্রধান কার্যালয় নির্মাণ প্রকল্প, স্যাটেলাইট টাউনশিপ উন্নয়ন প্রকল্প) গ্রহণের পরিকল্পনা রয়েছে। প্রকল্পগুলি ১০টি জেলা সদর এবং ৯টি উপজেলায় বাস্তবায়ন করা হবে।

জাতীয় গৃহায়ন নীতিমালা-২০১৬ অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বাংলাদেশের সকল বিভাগীয় শহর, জেলা শহর ও উপজেলা পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীকে আবাসন পরিকল্পনার আওতায় নিয়ে এসেছে। রাজধানীসহ অন্যান্য প্রধান প্রধান শহরের বস্তিতে মানবেতরভাবে বসবাস করা প্রান্তিক জনগোষ্ঠীকে ভাড়াভিত্তিকভাবে ফ্ল্যাটে উন্নত পরিবেশে বসবাসের ব্যবস্থা করা হচ্ছে। প্রাথমিকভাবে রাজধানী ঢাকায় বস্তিবাসীদের জন্য ১৫৩৪ টি ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণের অংশ হিসেবে মিরপুর ১১নং সেকশনে ৫৩৩টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৩ আগস্ট, ২০২১ তারিখে প্রকল্পটির নির্মিত ফ্ল্যাট ইতোমধ্যে বস্তিবাসীদের মধ্যে দৈনিক ১৫০ টাকা বা সাপ্তাহিক ১১২৫ টাকায় বা মাসিক ৪৫০০ ভাড়ায় বরাদ্দপত্র হস্তান্তর করেছেন। সিরাজগঞ্জ পৌরসভার ১২টি ও কুমিলা সিটি কর্পোরেশনের ৫টি বসতিতে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ ও কুমিল্লা শহরে নিম্ন আয়ের জনবসতিতে বসবাসকারী ৯২০০ পরিবারে প্রায় ৩৬০০০ দরিদ্র মানুষ প্রত্যক্ষভাবে এবং ৯২০০০ দরিদ্র মানুষ পরোক্ষভাবে এই প্রকল্প থেকে উপকৃত হচ্ছেন।

এছাড়া বস্তিবাসীদের জন্য গাজীপুরস্থ টঙ্গির দত্তপাড়ায় ভাড়া ভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণের ১ম পর্যায়ে ৪০৩২ টি ভাড়া ভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণের প্রকল্প প্রস্তুত করা হচ্ছে। ঢাকার মোহাম্মদপুরে বসবাসরত অবাঙ্গালিদের পুনর্বাসনের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলায় ৫৬০০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা রয়েছে। পর্যায়ক্রমে সমগ্র বাংলাদেশের সকল শহরে অপরিকল্পিতভাবে গড়ে ওঠা বসতিকে টেকসই উন্নয়নের আওতায় নিয়ে আসার পরিকল্পনা রয়েছে।

# প্রকল্পের সার-সংক্ষেপ

১। প্রকল্পের নাম: ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১০৪০টি ফ্ল্যাট বিশিষ্ট স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প।

► **প্রকল্পের পটভূমি**

- ঢাকা শহরের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জায়গায় সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা ।
- শহুরে নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জনবসতি গড়ে তোলা।
- প্রকট আবাসন সমস্যা সমাধানে স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য যুক্তিসঙ্গত মূল্যে আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা।
- আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

► **প্রকল্পের মূল কার্যক্রম**

- ঢাকার মিরপুরস্থ ডিওএইচএস ও মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় ১২.২১ একর জমির উপর ১০ টি ১৪ তলা বিশিষ্ট ভবনে ১৫৪৫ বর্গফুট আয়তনের ৫২০টি, ১৩৩৮ বর্গফুট আয়তনের ৪১৬টি এবং ৮৭৮ বর্গফুট আয়তনের ১০৪টি মোট ১০৪০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়।
- ভূগর্ভস্থ পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করতে উন্নত বিশ্বের মত আধুনিক বর্জ্য ও পানি পরিশোধনাগার (এসটিপি ও ডাব্লিউটিপি) নির্মাণ করা হয়েছে। টয়লেটে ব্যবহৃত পানি Black Water হিসাবে STP তে পরিশোধনের পরে তা Ground Water Recharge Well এবং Gardening এ ব্যবহার করা হচ্ছে। গোসল ও হাত-মুখ ধোয়ার পানি এবং রান্নার কাজে ব্যবহৃত পানি Gray Water হিসাবে STP তে পরিশোধনের পরে তা পুনরায় টয়লেটের Flushing করা হচ্ছে। Gray Water এবং Black water পরিশোধনের পর পুনরায় ব্যবহার করায় ভূগর্ভস্থ পানি উত্তোলনের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। বাংলাদেশের হাউজিং প্রকল্পে পানি পরিশোধন করে পুন: ব্যবহারের উদ্যোগ এটি প্রথম।
- প্রকল্পের বরাদ্দগ্রহীতাদের জন্য ৬ তলা বিশিষ্ট একটি ক্লাব হাউস কাম কমিউনিটি ভবন নির্মাণ করা হয়েছে, যেখানে জিমনেশিয়াম, বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের জন্য হল, সুপারশপ, মসজিদ ইত্যাদি রয়েছে।
- প্রকল্পে প্রতিটি ভবনের পাশে পৃথক গ্যাস সেড নির্মাণ করে গ্যাস সিলিন্ডার ভবনের বাইরে এনে অত্যাধুনিক ডিজিটাল মিটার প্রযুক্তি ব্যবহার করে ফ্ল্যাটগুলিতে জোড়াবিহীন পাইপ লাইনের মাধ্যমে শতভাগ নিরাপত্তা নিশ্চিত করে নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহ করা হচ্ছে।
- প্রতিটি ভবনের ছাদে সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে উৎপাদিত বিদ্যুতের ব্যবহার করে বিদ্যুৎ সাশ্রয়ের ব্যবস্থা করা হয়েছে।

► প্রকল্পের ব্যয়: টাকা-৬৯৮৯১.৫৭ লক্ষ।

► প্রকল্পের অর্থের উৎস: নিজস্ব অর্থায়ন।

► প্রকল্পের বাস্তবায়নকাল: মার্চ ২০১৫ ইং হইতে জুন ২০২২।

► প্রকল্পের জমির পরিমাণ: ১২.২১ একর।

► প্রতি বর্গফুটের বিক্রয়মূল্য: ৫০৬৩.৫৫ টাকা।

► ভবন সংখ্যা: ১৪ তলা বিশিষ্ট ১০টি ভবন।

► ফ্ল্যাট সংক্রান্ত তথ্য: (মোট ফ্ল্যাট ১০৪০ টি)

১৫৪৫ বর্গফুট - ৫২০ টি (৭৮.২৩ লক্ষ টাকা)
১৩৩৮ বর্গফুট- ৪১৬ টি (৬৭.৭৫ লক্ষ টাকা)
৮৭৮ বর্গফুট- ১০৪ টি (৪৪.৪৬ লক্ষ টাকা)

► কার পার্কিং: ৭৯৬টি (প্রতিটি ৪.০০ লক্ষ টাকা)

► **প্রকল্পের অন্যান্য সুযোগ-সুবিধা সমূহ**

- অভ্যন্তরীন রাস্তা, ওয়াকওয়ে ও সীমানা প্রাচীর নির্মাণ।
- প্রত্যেক ভবনের জন্য আলাদা আলাদা লিফট (প্যাসেঞ্জার ও বেড লিফট), সাব-স্টেশন, জেনারেটর, অগ্নি-নিরোধক ব্যবস্থা, সেন্ট্রিফিগাল পাম্প এর ব্যবস্থা , সাব মার্সিবল পাম্প, টেলিফোন ইন্টারকম ও সিসি ক্যামেরা এর সু-ব্যবস্থা রাখা হয়েছে।
- আরএমইউ স্থাপন (ভূগর্ভস্থ তারসহ)।
- বৃক্ষরোপন ও সৌন্দর্যবর্ধন।
- সু-নিয়ন্ত্রিত প্রবেশ ও নির্গমন পথ, দৃষ্টিনন্দন গেট নির্মাণ।



চিত্র: ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট প্রকল্পের একাংশ।



চিত্র: স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট প্রকল্পে রয়েছে সুবিশাল খেলার মাঠ ও কমিউনিটি ভবন।



চিত্র: স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট প্রকল্পে নির্মিত ১০টি ভবন।



চিত্র: স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট প্রকল্পে রয়েছে বিভিন্ন আয়তনের ১০৪০টি ফ্ল্যাট।



চিত্রঃ স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট প্রকল্পে আধুনিক বর্জ্য ও পানি পরিশোধনাগার (STP & WTP) নির্মাণ করা হয়েছে।




চিত্রঃ স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট প্রকল্পের দৃষ্টিনন্দন প্রধানফটক।

# প্রকল্পের সার-সংক্ষেপ

২। প্রকল্পের নাম: সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প।

▶ **প্রকল্পের পটভূমি**

- জেলা শহরের আবাসন সমস্যা সমাধান ও পরিকল্পিতভাবে অল্প জায়গায় সর্বাধিক আবাসনের ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।
- শহুরে নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জনবসতি গড়ে তোলা।
- প্রকট আবাসন সমস্যা সমাধানে স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য যুক্তিসঙ্গত মূল্যে আবাসিক প্লট উন্নয়ন করা।
- আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

▶ **প্রকল্পের মূল কার্যক্রম**

- জেলা পর্যায়ে বসবাসরত মানুষের জীবন ব্যবস্থাকে উন্নত করা ও জমির সর্বোত্তম ব্যবহারের প্রয়াসে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্পটি গ্রহণ করা হয়। সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় সুরমা নদীর পাড়ে আব্দুজ জহুর সেতু সংলগ্ন ১৬.৫০ একর জমিতে সহজ কিস্তি সুবিধায় বিভিন্ন শ্রেণী পেশার মানুষের জন্য ২.০০ কাঠা থেকে ৬.০০ কাঠার ১৫৪ টি আবাসিক প্লট এবং ১টি বাণিজ্যিক প্লট মোট ১৫৫টি প্লট উন্নয়ন করা হয়।

▶ প্রকল্পের মূল্য: টাকা-১৮৩৮.১৬ লক্ষ।

▶ প্রকল্পের অর্থের উৎস: নিজস্ব অর্থায়ন।

▶ প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই, ২০১২ থেকে ডিসেম্বর,২০২১।

▶ প্রকল্পের জমির পরিমাণ: ১৬.৫০ একর।

▶ প্লট সংক্রান্ত তথ্য: মোট প্লট ১৫৫ টি

| **আবাসিক প্লট** | | **প্লটের সংখ্যা** |
|---|---|---|
| ৬.০০ কাঠা | = | ০২ টি |
| ৫.০০ কাঠা | = | ২৮ টি |
| ৪.৫০ কাঠা | = | ০২টি |
| ৪.০০ কাঠা | = | ০২টি |
| ৩.৫০ কাঠা | = | ০৭ টি |
| ৩.০০ কাঠা | = | ১১১ টি |
| ২.৫০ কাঠা | = | ০২টি |
| **মোট** | = | **১৫৪ টি** |
| বাণিজ্যিক প্লট (২০.০০ কাঠা) | = | ০১টি |
| **মোট** | = | **১৫৫টি** |

▶ প্রতি কাঠা বিক্রয়মূল্য: ৪.০৪ লক্ষ টাকা (আবাসিক)
৮.০৮ লক্ষ টাকা (বাণিজ্যিক)

▶ **প্রকল্পের অন্যান্য সুবিধাদি**

- মসজিদ (৬.৪০ কাঠা), কবরস্থান (২.৪৪ কাঠা), ঈদগা (৬.৭০ কাঠা), খেলার মাঠ (২৪.৭৮ কাঠা)
- স্কুল (১৪.৮৮ কাঠা), NHA মার্কেট (১৭.২০ কাঠা), কাঁচা বাজার (১১.৭৬ কাঠা)
- বৈদ্যুতিক সাবস্টেশন ও পাম্প হাউজ (৪.১৫)
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ অফিস (৮.৬৪ কাঠা)
- দৃষ্টিনন্দন গেট নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তা ও ওয়াকওয়ে নির্মাণ।



চিত্র: সিলেটের সুনামগঞ্জ আবাসিক প্লট উন্নয়ন প্রকল্পের সার্বিক চিত্র।



চিত্র: সুনামগঞ্জ আবাসিক প্লট প্রকল্পে রয়েছে সকল নাগরিক সুবিধা।



চিত্র: সুনামগঞ্জ আবাসিক প্লট প্রকল্পের প্রবেশদ্বার।



চিত্র: সুনামগঞ্জ আবাসিক প্লট প্রকল্পে রয়েছে প্রশস্ত রাস্তা ও পানি নিষ্কাশন ব্যবস্থা।



চিত্র: সুনামগঞ্জ আবাসিক প্লট প্রকল্পের সার্বিক চিত্র।



চিত্র: সুনামগঞ্জ আবাসিক প্লট প্রকল্পে রয়েছে বিভিন্ন আয়তনের ১৫৪ টি আবাসিক প্লট ।

## প্রকল্পের সার-সংক্ষেপ

৩। প্রকল্পের নাম: ঢাকার মিরপুরস্থ ১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প।

► **প্রকল্পের পটভূমি**

- ঢাকা শহরের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জায়গায় সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা।
- শহুরে নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জনবসতি গড়ে তোলা।
- প্রকট আবাসন সমস্যা সমাধানে স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য যুক্তিসঙ্গত মূল্যে আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা।
- আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

► **প্রকল্পের মূল কার্যক্রম**

- ঢাকার মিরপুরস্থ ১৫ নং সেকশনে পুলিশ স্টাফ কলেজের উত্তর পার্শ্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব ৪৫ শতক জমিতে ২০২১-২২ অর্থ বছরে ১৪ তলা বিশিষ্ট ১টি ভবনে ১৫০০ বর্গফুট আয়তনের ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়। প্রকল্পের ১০০ টি ফ্ল্যাটের মধ্যে ৯৯টি ফ্ল্যাটের বরাদ্দগ্রহীতাগণ বাস্তব দখল গ্রহণপূর্বক উক্ত ফ্ল্যাট সমূহে বসবাস করছেন।

► প্রকল্পের ব্যয়: টাকা-৪৫৭৩.০০ লক্ষ।

► প্রকল্পের অর্থের উৎস: নিজস্ব অর্থায়ন।

► প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই, ২০১১ থেকে ডিসেম্বর,২০২১।

► প্রকল্পের জমির পরিমাণ: ০.৪৫ একর।

► প্রতি বর্গফুটের বিক্রয়মূল্যঃ ৩০০০.০০ টাকা।

► ভবন সংখ্যা: প্রতি ফ্লোরে ৮টি ফ্ল্যাটের সংস্থানসহ ১৪-তলা বিশিষ্ট ১টি ভবন।

► ফ্ল্যাট সংক্রান্ত তথ্য: (মোট ফ্ল্যাট ১০০ টি)

১৫০০ বর্গফুট-১০০ টি (৪৫.০০ লক্ষ টাকা)

[৩ বেড রুম, ৪ বাথরুম, ড্রয়িং, ডাইনিং, কিচেন]

► কার পার্কিং: ৩৭ টি (প্রতিটি ৪.০০ লক্ষ টাকা)

► **প্রকল্পের অন্যান্য সুযোগ-সুবিধা সমূহ**

- বরাদ্দ প্রাপকদের নিরাপত্তা নিশ্চিতকল্পে সীমানা প্রাচীর নির্মাণ।
- ২য় তলায় ৬১৮০.০০ বর্গফুট কমিউনিটি স্পেসের ব্যবস্থা।
- অভ্যন্তরীন রাস্তা ও ওয়াকওয়ে নির্মাণ।
- পার্ক বা খেলার মাঠ আছে।
- ভবনের জন্য ০৩টি লিফট (০২টি প্যাসেঞ্জার ও ০১টি বেড লিফট) এর সু-ব্যবস্থা রাখা হয়েছে।
- ভবনের জন্য ১৫০.০০ কেভিএ জেনারেটর ব্যবস্থা।
- ভবনের জন্য ৮০০.০০ কেভিএ সাব স্টেশন স্থাপন।
- প্রত্যেক ভবনের জন্য অগ্নি নিরোধক ব্যবস্থা গ্রহণ।
- সেন্ট্রিফিগাল পাম্প এর ব্যবস্থা ।
- টেলিফোন ইন্টারকম ও সিসি ক্যামেরার সংযোগ।
- বৃক্ষরোপন ও সৌন্দর্য বর্ধন।
- সু-নিয়ন্ত্রিত প্রবেশ ও নির্গমন পথ।
- দৃষ্টিনন্দন গেট নির্মাণ।



চিত্র: মিরপুর ১৫নং সেকশনে ১০০ টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের নির্মিত ভবন।



চিত্র: ঢাকার মিরপুরস্থ ১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে প্রতিটি ফ্ল্যাটের আয়তন ১৫০০ বর্গফুট।



চিত্র: ঢাকার মিরপুরস্থ ১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।



চিত্র: ঢাকার মিরপুরস্থ ১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প।

## ❖ স্বল্প আয়ের মানুষের উন্নত জীবন ব্যবস্থা প্রকল্প (বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়ন)

বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে সিরাজগঞ্জ পৌরসভার ১২টি ও কুমিলা সিটি কর্পোরেশনের ৫টি অপরিকল্পিতভাবে গড়ে ওঠা বসতিতে অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। নিম্ন আয়ের জনবসতিসমূহে বসবাসকারী ৯২০০ পরিবারের প্রায় ৩৬০০০ মানুষ প্রত্যক্ষভাবে এবং ৯২০০০ মানুষ পরোক্ষভাবে এই প্রকল্প থেকে উপকৃত হবে। তাছাড়া এ প্রকল্পের দ্বারা সুবিধাবঞ্চিত জনবসতিকে দীর্ঘমেয়াদী Land Tenure Security প্রদান করা হচ্ছে। অত্যাবশ্যকীয় নাগরিক সেবা ব্যবস্থা তথা রাস্তা, ড্রেন, বিশুদ্ধ পানি, পয়ঃপ্রণালী, বিদ্যুতায়ন ইত্যাদির সাথে সাথে বসতির নাগরিক সুবিধাদি উন্নয়ন করা হচ্ছে। নবায়নযোগ্য সৌরচালিত সড়কবাতি স্থাপন করে প্রান্তিক জনগোষ্ঠীকে টেকসই নাগরিক সুবিধার আওতায় আনা হচ্ছে। এই প্রকল্পের বিশেষত্ব হচ্ছে প্রান্তিক জনগণকে একতাবদ্ধ করে তাঁদেরই চিহ্নিত চাহিদা অনুযায়ী একটি বসতির মূল উন্নয়ন পরিকল্পনা করা ও তদনুযায়ী অবকাঠামো নির্মাণ করা। স্বল্পমূল্যের কাজে বসতির জনগণ নিজেরাই ঠিকাচুক্তিতে কাজ সম্পাদন করছে; এতে একদিকে তাঁদের অর্থনৈতিক উন্নতি হচ্ছে, অপরদিকে পূর্তকাজ সম্পাদনে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের কর্মসংস্থানের পথ প্রশস্ত হচ্ছে। উন্নয়ন কাজের প্রতিটি ধাপে একতাবদ্ধভাবে সম্পৃক্ত থেকে সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা অর্জন করায় পারিবারিক, সামাজিক বন্ধন দৃঢ় হচ্ছে; লিঙ্গবৈষম্য দূরীভুত হচ্ছে।



চিত্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের জানপুরে ভিক্টোরিয়া হাইস্কুলের গোপাল মেমোরিয়াল হলের উর্দ্ধমূখী সম্প্রসারনসহ অবকাঠামো উন্নয়ন।



চিত্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের কোবদাসপাড়া বসতির জনগণের জন্য নির্মিত বাড়ির প্লিন্থ।



চিত্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ পৌরসভা ও কুমিলা সিটি কর্পোরেশনের বসতিতে স্থাপিত অটোমেটেড সোলার স্ট্রিট লাইট (মোট ৯৬৮টি সোলার স্ট্রিট লাইট স্থাপন করা হয়েছে)।



চিত্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্পের আওতায় কুমিল্লা সিটি কর্পোরেশনে নির্মানাধীন অফ-সাইট আরসিসি ইউ-ড্রেন নির্মাণ।

## ❖ ঢাকার মিরপুরে বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প

রাজধানী ঢাকায় বস্তিবাসীদের জন্য ১,৫৩৪টি ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণের অংশ হিসেবে মিরপুর ১১নং সেকশনে ৫৩৩ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। প্রতিটি ফ্ল্যাটে ২টি বেডরুম, ২টি বারান্দা, ১টি সমন্বিত টয়লেট কাম বাথরুম, ১টি লিভিং-কাম-ডাইনিং এবং ১টি রান্নাঘরের সংস্থান রাখা হয়েছে। প্রতিটি ফ্ল্যাটে দৈনিক ভাড়ার পরিমাণ ১৫০.০০ টাকা বা মাসিক ভাড়ার পরিমাণ ৪৫০০.০০ টাকা। এ প্রকল্পের নির্মিত ফ্ল্যাট মুজিব বর্ষের উপহার হিসাবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালের আগস্ট মাসের ৩ তারিখ বস্তিবাসীদের মধ্যে বিতরণ করেন।



চিত্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে রয়েছে আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন ৫৩৩টি ফ্ল্যাট।



চিত্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প।




চিত্রঃ মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে জনাব শরীফ আহমেদ এমপি, প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ফ্ল্যাট হস্তান্তর।

## এক নজরে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সমাপ্ত, চলমান ও ভবিষ্যৎ পরিকল্পনাধীন প্রকল্পসমূহে প্লট ও ফ্ল্যাটের তথ্যাদিঃ

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের হাউজিং এস্টেট সমূহ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দেশের ৮টি বিভাগের ৩৮টি জেলায় এবং ৮টি উপজেলায় ৬৬টি হাউজিং এস্টেট রয়েছে।

উক্ত ৬৬ টি হাউজিং এস্টেটে অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ ৭৮৭০.২৭ একর।

## সমাপ্ত প্রকল্পসমূহ

| বিবরণ | সংখ্যা | আবাসিক প্লট ও ফ্ল্যাটের তথ্য | জেলা | উপজেলা |
|---|---|---|---|---|
| প্লট প্রকল্প | ৪১টি | প্লট সংখ্যা-২১৫৫৪ টি | ২৫টি | ৭টি |
| ফ্ল্যাট প্রকল্প | ১৮টি | ফ্ল্যাট সংখ্যা-৫৬৫৪ টি | | |
| অন্যান্য প্রকল্প | ০৩টি | - | | |
| মোট | ৬২টি | | | |

## চলমান প্রকল্প সমূহ

| বিবরণ | সংখ্যা | আবাসিক প্লট ও ফ্ল্যাটের তথ্য | জেলা | উপজেলা |
|---|---|---|---|---|
| প্লট প্রকল্প | ১৪টি | প্লট সংখ্যা-২০৫১ টি | ১০টি (ঢাকা, চট্টগ্রাম, হবিগঞ্জ, কুষ্টিয়া, নোয়াখালী, ঝিনাইদহ, পিরোজপুর, বাগেরহাট, যশোর, ময়মনসিংহ) সদর | ৮টি ( শেরপুর-শ্রীবর্দী, মাদারীপুর-শিপচর, চট্টগ্রাম-রাঙ্গুনিয়া ও মিরসরাই, রাজশাহী-পবা, ঢাকা-দোহার, ঝালকাঠি-নলছিটি, ময়মনসিংহ-তারাকান্দা) |
| ফ্ল্যাট প্রকল্প | ১১টি | ফ্ল্যাট সংখ্যা-৪৬৬৫ টি | | |
| অন্যান্য প্রকল্প | ০৪টি | - | | |
| মোট | ২৯টি | | | |

## ভবিষ্যৎ পরিকল্পনাধীন প্রকল্পসমূহ

| বিবরণ | সংখ্যা | আবাসিক প্লট ও ফ্ল্যাটের তথ্য | জেলা | উপজেলা |
|---|---|---|---|---|
| প্লট প্রকল্প | ৮টি | প্লট সংখ্যা-১৪০১ টি | ১০টি (ঢাকা, চট্টগ্রাম, কুমিলা, মাদারীপুর, সিলেট, রাজশাহী, ভোলা, কুষ্টিয়া, ফরিদপুর ও গাজীপুর) সদর | ০৯টি (ঢাকা-ধামরাই, কেরানীগঞ্জ ও সাভার, মুন্সিগঞ্জ-সিরাজদিখান, মাদারীপুর-শিপচর, সিলেট-দক্ষিণ সুরমা, ভোলা-চরফ্যাশন, ফরিদপুর-ভাঙ্গা, কুমিল্লা-লাকসাম) |
| ফ্ল্যাট প্রকল্প | ১২টি | ফ্ল্যাট সংখ্যা-১৪৯০৫ টি | | |
| অন্যান্য প্রকল্প | ৪টি | - | | |
| মোট | ২৪টি | | | |

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান প্রকল্পসমূহ

- প্রকল্পগুলি ১০ জেলা সদর এবং ০৮ উপজেলায় চলমান রয়েছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে বর্তমানে মোট ২৯ টি প্রকল্প চলমান রয়েছে।
- ১১ টি ফ্ল্যাট প্রকল্প-৪৬৬৫ টি আবাসিক ফ্ল্যাটের সংস্থান রয়েছে।
- ১৪ টি প্লট প্রকল্প-২০৫১ টি আবাসিক প্লটের সংস্থান রয়েছে।
- ২ টি বাণিজ্যিক স্পেস নির্মাণ প্রকল্প।
- ১টি পার্ক নির্মাণ ও সংস্কার প্রকল্প।
- সরকারি এবং বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে নিম্ন আয়ের মানুষের উন্নত জীবনব্যবস্থা প্রকল্প।

## চলমান ফ্ল্যাট প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ফ্ল্যাট সংখ্যা |
|---|---|---|
| ১ | ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১৫টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (স্বপ্ননগর-২) প্রকল্প। | ১৫৬০টি |
| ২ | ঢাকাস্থ লালমাটিয়া হাউজিং এস্টেটে সরকারী কর্মকর্তাদের নিকট বিক্রয়ের জন্য ৭২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (সংশোধিত ৮৮) | ৮৮টি |
| ৩ | ঢাকাস্থ লালমাটিয়া হাউজিং এস্টেটে কর্মচারীদের নিকট বিক্রয়ের জন্য ৫৪টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৫৪টি |
| ৪ | ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এস্টেটের আসাদ এভিনিউতে (গৃহায়ন কনকচাঁপা) এবং সাত মসজিদ রোডে (গৃহায়ন দোলনচাঁপা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়ন) | ৪৩০টি |
| ৫ | ঢাকার মিরপুর-১৬ নং সেকশনে (ধামালকোট) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রয়ের জন্য (গৃহ-সূচনা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ৮৩২টি |
| ৬ | ঢাকার মিরপুর-১৫ সেকশনে সরকারী / আধা-সরকারী কর্মকর্তাদের জন্য "জয়নগর" ৫২০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ৫২০টি |
| ৭ | ঢাকার ধানমন্ডি ও মোহাম্মদপুরস্থ বিভিন্ন পরিত্যক্ত বাড়িতে আবাসিক ফ্ল্যাট (গৃহায়ন ধানমন্ডি) নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ১২৭টি |
| ৮ | চট্টগ্রামস্থ ফিরোজশাহ ও হালিশহর হাউজিং এস্টেটে ১০তলা বিশিষ্ট ভবনে মোট ৩৬০টি ফ্ল্যাট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (সংশোধিত-৩৪২) | ৩৪২টি |
| ৯ | চট্টগ্রাম হালিশহর হাউজিং এস্টেটে "জি" ব্লকে (২৬০টি ফ্ল্যাট) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (৩য় পর্যায়) | ২৬০টি |
| ১০ | চট্টগ্রাম হালিশহর হাউজিং এস্টেটের "জি" ব্লকে (৩১২টি ফ্ল্যাট) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (৪র্থ পর্যায়) | ৩১২টি |
| ১১ | ময়মনসিংহ জেলায় সদর উপজেলায় মধ্যম আয়ের মানুষের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়ন) | ১৪০টি |
| | **মোট ফ্ল্যাট সংখ্যা** | **৪৬৬৫টি** |

## চলমান প্লট প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্লট সংখ্যা |
|---|---|---|
| ১ | শেরপুর জেলার শ্রীবর্দী উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৯৯টি |
| ২ | হবিগঞ্জ জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৪৭টি |
| ৩ | ঢাকা জেলার দোহার উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ২২টি |
| ৪ | কুষ্টিয়া হাউজিং এষ্টেটে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (৪র্থ পর্যায়) | ২৮০টি |
| ৫ | রাজশাহী মহানগরীর হাইটেক পার্ক সংলগ্ন পবা উপজেলাধীন হারুপুর মৌজায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য "গৃহায়ন পদ্মা" আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০৪টি |
| ৬ | চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় কিসমত জাফরাবাদ মৌজায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ও বাণিজ্যিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৭১টি |
| ৭ | নোয়াখালী জেলার মাইজদীতে (রেলওয়ে লইন সংলগ্ন) সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৪০টি |
| ৮ | চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৯৫টি |
| ৯ | ঝিনাইদাহ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৩৩টি |
| ১০ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় দাদাভাই উপশহর আবাসিক জোন উন্নয়ন প্রকল্প। (৩য় পর্ব) | ১৮৫টি |
| ১১ | ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১১২টি |
| ১২ | পিরোজপুর জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৬৮টি |
| ১৩ | বাগেরহাট জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস "হযরত খানজাহান আলী (রঃ) আবাসন-০১" প্লট উন্নয়ন প্রকল্প। | ১৩৫টি |
| ১৪ | ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (স্ব-অর্থায়ন) | ১৬০টি |
| | মোট প্লট সংখ্যা | ২০৫১টি |

## চলমান অন্যান্য প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম |
|---|---|
| ১ | চট্টগ্রামস্থ হালিশহর হাউজিং এস্টেটের "এ" ব্লকে অত্যাধুনিক এন.এইচ.এ মাল্টিপারপাস টাওয়ার নির্মাণ প্রকল্প। |
| ২ | যশোর হাউজিং এস্টেটে এন.এইচ.এ বাণিজ্যিক কমপ্লেক্স নির্মাণ। |
| ৩ | স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্প (বিশ্বব্যাংক ও সরকারি অর্থায়নে) |
| ৪ | লালমাটিয়া হাউজিং এস্টেটের নিউকলোনী এলাকায় খেলার মাঠের অভ্যন্তরে বিদ্যমান রোড, ড্রেন ও ফুটপাতের সংস্কার প্রকল্প। |

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সৃষ্টি লগ্ন থেকে সমাপ্ত প্রকল্প সমূহ**

- প্রকল্পগুলি ২৫ জেলা সদর এবং ৭ উপজেলায় বাস্তবায়িত হয়েছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মোট ৬২ টি প্রকল্প বাস্তবায়ন করেছে।
- ১৮ টি ফ্ল্যাট প্রকল্প-৫৬৫৪ টি আবাসিক ফ্ল্যাট হস্তান্তর করা হয়েছে।
- ৪১ টি প্লট প্রকল্প-২১৫৫৪ টি আবাসিক প্লট হস্তান্তর করা হয়েছে।
- ৩ টি অন্যান্য প্রকল্প (সমীক্ষা প্রকল্প, কমিউনিটি স্পেস নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প)।

## সমাপ্ত প্লট প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্লট সংখ্যা |
|---|---|---|
| ১ | নোয়াখালী জেলার মাইজদীতে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (২য় পর্যায়) | ২৭৭টি |
| ২ | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ২৩০টি |
| ৩ | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-রাঙ্গামাটি মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (২য় পর্যায়) | ৩৯ টি |
| ৪ | চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (সোনাপাহাড় মৌজায়) | ১৮৩টি |
| ৫ | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-রাঙ্গামাটি মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ২৬৬টি |
| ৬ | মৌলভীবাজার জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৩৭৪টি |
| ৭ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (১ম পর্যায়) | ৪১৩টি |
| ৮ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (২য় পর্যায়) | ১৭৬টি |
| ৯ | গোপালগঞ্জ জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (১ম পর্যায়) | ২৪৩টি |
| ১০ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (৩য় পর্যায়) | ১৮০টি |
| ১১ | মাগুরা জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ২৭৩টি |
| ১২ | শরিয়তপুর জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৩০টি |
| ১৩ | মাদারীপুর জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৫৫টি |
| ১৪ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় 'দাদাভাই' উপশহর সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (১ম পর্যায়) | ১৫৫টি |
| ১৫ | নড়াইল জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৭৯টি |
| ১৬ | খুলনা জেলার ফুলতলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৬২টি |
| ১৭ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় 'দাদাভাই' উপশহর সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল। (২য় পর্যায়) | ১৬১টি |
| ১৮ | নাটোর জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১২১টি |
| ১৯ | কুষ্টিয়া জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (১ম - ৩য় পর্ব) | ২৮৯৮টি |
| ২০ | পাবনা জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৪৩টি |
| ২১ | রাজশাহী জেলার ছোটবনগ্রামে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৬৮টি |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্লট সংখ্যা |
|---|---|---|
| ২২ | চাঁপাইনবাবগঞ্জ জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ২২০টি |
| ২৩ | রাজশাহী জেলার তেরখাদিয়ায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১২৪টি |
| ২৪ | সুনামগঞ্জে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৫৪টি |
| ২৫ | খালিশপুর হাউজিং এস্টেট, খুলনা। | ১২৩০টি |
| ২৬ | বয়রা হাউজিং এস্টেট, খুলনা। | ৮০২টি |
| ২৭ | যশোর হাউজিং এস্টেট, যশোর। | ৯৯১টি |
| ২৮ | রূপাতলী হাউজিং এস্টেট, বরিশাল। | ৪৭৬টি |
| ২৯ | পটুয়াখালী হাউজিং এস্টেট, পটুয়াখালী। | ৫০৭টি |
| ৩০ | ফরিদপুর হাউজিং এস্টেট, ফরিদপুর। | ৪২১টি |
| ৩১ | শিবচর হাউজিং এস্টেট, মাদারীপুর। (৪র্থ পর্ব) | ১৪৮টি |
| ৩২ | ঈশ্বরদী হাউজিং এস্টেট (উপশহর), পাবনা। | ১৩৮টি |
| ৩৩ | রাজশাহী উপ-শহর হাউজিং এস্টেট, রাজশাহী। | ১১৫৩টি |
| ৩৪ | দিনাজপুর হাউজিং এস্টেট, দিনাজপুর। | ৩০২৩টি |
| ৩৫ | রংপুর হাউজিং এস্টেট, রংপুর। | ৪৫টি |
| ৩৬ | বগুড়া হাউজিং এস্টেট, বগুড়া। | ৪০৭টি |
| ৩৭ | সান্তাহার হাউজিং এস্টেট। | ৪০৭টি |
| ৩৮ | মোহাম্মদপুর হাউজিং এস্টেট, ঢাকা। | ৪২০৩টি |
| ৩৯ | লালমাটিয়া হাউজিং এস্টেট, ঢাকা। | ২৬টি |
| ৪০ | টাংগাইল হাউজিং এস্টেট, টাংগাইল। | ২৩১টি |
| ৪১ | দোহার হাউজিং এস্টেট, ঢাকা। | ২২টি |
| | **মোট** | **২১৫৫৪টি** |

## সমাপ্ত ফ্ল্যাট প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ফ্ল্যাট সংখ্যা |
|---|---|---|
| ১ | ঢাকার মিরপুরস্থ ২নং সেকশনে "আই" ব্লকে সরকারি কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৩৬০টি |
| ২ | ঢাকাস্থ লালমাটিয়া ও মোহাম্মদপুরে সরকারি কর্মকর্তাদের জন্য ৫০০ ফ্ল্যাট বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৩৬০ টি |
| ৩ | ঢাকাস্থ লালমাটিয়ায় সরকারি কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ১৮২ টি |
| ৪ | ঢাকাস্থ লালমাটিয়া নিউ কলোনিতে ০৭ টি জরাজীর্ণ ভবনর ১৩০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ১৩০টি |
| ৫ | ঢাকার মোহাম্মদপুরস্থ লালমাটিয়া হাউজিং এস্টেটে সরকারী কর্মকর্তাদের জন্য ১৩২টি (সংশোধিত ১৫৩টি) ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ১৫৩ টি |
| ৬ | ঢাকাস্থ মিরপুরে সরকারি কর্মকর্তাদের জন্য ৬০০ ফ্ল্যাট বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৬০০ টি |
| ৭ | চট্টগ্রাম বন্দরনগরীর হালিশহর হাউজিং এস্টেটে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১০৮ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (১ম পর্যায়) | ১০৮ টি |
| ৮ | চট্টগ্রাম বন্দরনগরীর হালিশহর হাউজিং এস্টেটে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ২১৬ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (২য় পর্যায়) | ২১৬টি |
| ৯ | নোয়াখালী জেলার মাইজদীতে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৬৪টি |
| ১০ | কক্সবাজার জেলায় ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৪৬৯টি |
| ১১ | সিলেট শহরে সীমিত আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৮৮টি |
| ১২ | যশোর জেলায় সীমিত আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ১৪৪টি |
| ১৩ | দিনাজপুর হাউজিং এস্টেটে ১০-তলা বিশিষ্ট আবাসিক কাম বানিজ্যিক ভবন ১২৯৮ বর্গফুট আয়তনের ৭২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৭২টি |
| ১৪ | বগুড়া জেলায় সীমিত আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ১৩৫টি |
| ১৫ | ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১০টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (স্বপ্ননগর-১) প্রকল্প। | ১০৪০টি |
| ১৬ | ঢাকার মিরপুরস্থ সেকশন-১১ এ বস্তিবাসিদের জন্য ভাড়াভিত্তিক ৫৩৩টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৫৩৩টি |
| ১৭ | মোহাম্মদপুরস্থ "এফ" ব্লকে সীমিত আয়ের লোকদের নিকট বিক্রয়ের জন্য ৯০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৯০০টি |
| ১৮ | ঢাকার মিরপুর-১৫নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ১০০টি |
| | **মোট ফ্ল্যাট সংখ্যা** | **৫৬৫৪টি** |

## সমাপ্ত অন্যান্য প্রকল্প

| ক্রমিক নং | প্রকল্পের নাম |
|---|---|
| ১ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপশহর সমীক্ষা প্রকল্প। |
| ২ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর অধীনস্থ "১৯৬০" এর দশকে বাস্তবায়িত হাউজিং এস্টেট সমূহের অবকাঠামো উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প। |
| ৩ | ঢাকাস্থ লালমাটিয়া নিউ কলোণীতে কমিউনিটি সেন্টার কাম অফিস স্পেস নির্মাণ প্রকল্প। |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ভবিষ্যৎ পরিকল্পনাধীন প্রকল্পসমূহ

- প্রকল্পগুলি ১০টি জেলা সদর এবং ৯টি উপজেলায় বাস্তবায়ন করা হবে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে ২৪ টি প্রকল্প গ্রহণের পরিকল্পনা রয়েছে।
- ১২ টি ফ্ল্যাট প্রকল্প-১৪৯০৫ টি আবাসিক ফ্ল্যাট তৈরীর পরিকল্পনা রয়েছে।
- ৮ টি প্লট প্রকল্প-১৪০১ টি আবাসিক প্লট তৈরীর পরিকল্পনা রয়েছে।
- ০৪ টি অন্যান্য প্রকল্প (শিশুপার্ক নির্মাণ, অবকাঠামো উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প, প্রধান কার্যালয় নির্মাণ প্রকল্প, স্যাটেলাইট টাউনশিপ উন্নয়ন প্রকল্প)

## ভবিষ্যৎ পরিকল্পনাধীন প্লট প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্লট সংখ্যা |
|---|---|---|
| ১ | কুমিলা জেলার লাকসাম উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম পর্ব, ২য় পর্ব ও ৩য় পর্ব)। (নিজস্ব অর্থায়ন) | ৩৮৫টি |
| ২ | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ‘দাদাভাই’ উপশহর আবাসিক জোন প্রকল্প। (৪র্থ পর্ব) (নিজস্ব অর্থায়ন) | ১৩৪টি |
| ৩ | সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ১২৫টি |
| ৪ | ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৬৩টি |
| ৫ | কুষ্টিয়া জেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (সরকারি অর্থায়ন) (৫ম পর্ব) | ১৭৭টি |
| ৬ | ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলায় “শেখ ফাতেমা বেগম” আবাসিক জোন (১ম পর্যায়) প্লট উন্নয়ন প্রকল্প। | ১১৫টি |
| ৭ | ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলায় “শেখ ফাতেমা বেগম” আবাসিক জোন (২য় পর্যায়) প্লট উন্নয়ন প্রকল্প। | ১১৪টি |
| ৮ | ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলায় “শেখ ফাতেমা বেগম” আবাসিক জোন (৩য় পর্যায়) প্লট উন্নয়ন প্রকল্প। | ১৮৮টি |
| | **মোট প্লট সংখ্যা** | **১৪০১টি** |

# ভবিষ্যৎ পরিকল্পনাধীন ফ্ল্যাট প্রকল্পসমূহ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ফ্ল্যাট সংখ্যা |
|---|---|---|
| ১ | ঢাকার মিরপুর হাউজিং এস্টেটে বস্তিবাসীদের জন্য ভাড়া ভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (সরকারি অর্থায়ন) | ১০০১টি |
| ২ | ঢাকার মিরপুর হাউজিং এস্টেটের ১১ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য (স্বপ্ননগর ৩য় পর্ব) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ১০৯২টি |
| ৩ | ঢাকার মিরপুরস্থ ১৬ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য (গৃহস্পন্দন) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ২০৮০টি |
| ৪ | বাড্ডাস্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জমিতে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ১৫০টি |
| ৫ | ঢাকার মিরপুর হাউজিং এস্টেটে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (৩য় ও ৪র্থ শ্রেণীর) কর্মচারীদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ৫৪টি |
| ৬ | ঢাকার মিরপুরস্থ সেকশন-৩ এ মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ও বাণিজ্যিক স্পেস নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ১২০টি |
| ৭ | ঢাকার মিরপুরস্থ ১৪নং সেকশনে মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট (গৃহায়ন গার্ডেন) নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ২০০টি |
| ৮ | মোহাম্মদপুরে বসবাসরত অবাঙ্গালীদের জন্য ঢাকার কেরানীগঞ্জে পুনর্বাসন প্রকল্প। | ৫৬০০টি |
| ৯ | মোহাম্মদপুরস্থ বাঁশবাড়ীতে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ১২০টি |
| ১০ | কুমিলা হাউজিং এস্টেটে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জমিতে আবাসিক ফ্ল্যাট ও বাণিজ্যিক স্পেস নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ৯৬টি |
| ১১ | রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় আধাপাকা ৮০ (আশি) টি বাড়ির স্থলে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (নিজস্ব অর্থায়ন) | ৩৬০টি |
| ১২ | টংগীর দত্তপাড়ায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (১ম পর্যায়) | ৪০৩২টি |
| | **মোট** | **১৪৯০৫টি** |

স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সম্পূর্ণ স্মার্ট স্যাটেলাইট প্রযুক্তি নির্ভর আবাসন প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা করছে। মৌলিক পরিষেবা সমূহ যেমন: বিদ্যুতায়ন, বৃষ্টির পানি সংরক্ষণাগার, সৌর শক্তি ব্যবহৃত বাতি, স্যুয়েজ ট্রিটমেন্ট প্লান্ট ইত্যাদি স্বয়ংক্রিয় ব্যবস্থাপনায় পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেন্সর ভিত্তিক গেট, পার্কিং, লিফট, সাব-স্টেশন, জেনারেটর, নবায়নযোগ্য সৌরবিদ্যুৎচালিত অটোমেটেড স্ট্রিট লাইট, গ্যাস সরবরাহ ব্যবস্থা, অগ্নি নির্বাপক ব্যবস্থা, সিসি ক্যামেরা সিকিউরিটি সিস্টেম, ডিজিটাল ইন্টারকম সিস্টেম স্থাপন করা হবে। ডিজিটাল ট্রাফিক ম্যানেজমেন্ট সিস্টেম সংযুক্ত প্রশস্ত রাস্তা নির্মাণ করা এবং জননিরাপত্তা নিশ্চিত করতে প্রকল্প এলাকায় কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক নিরাপত্তা ব্যবস্থা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। স্মার্ট সিটি নির্মাণে শুধু অবকাঠামোই গড়ে তোলা হবে না, সঠিক পরিকল্পনা অনুযায়ী জনবান্ধব স্মার্ট পরিষেবা প্রদানের ব্যবস্থা করা হবে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়